

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
কর্মসংস্থান-০৪ শাখা  
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.১১১.১১.০২৭.১৫- ২০৭

তারিখ: ০৮.০৫.২০১৮

বিষয়: নিয়োগ অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রিক্রুটিং এজেন্সি মেসার্স সিদ্দিকা কনসালটেন্ট (আরএল-১১৪৭) এর অনুকূলে সংশ্লিষ্ট দূতাবাস হতে কাগজপত্র/ডকুমেন্টগুলি Attestation-এর ভিত্তিতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সৌদি আরবের নিয়োগকর্তা Nabatat For Contracting কোম্পানিতে Labour পদে ৪৩ (তেতাল্লিশ) জন ও Agricultural Labour পদে ৫৫ (পঞ্চাশ) জনসহ মোট (৪৩+৫৫)=৯৮ (আটানব্বই) জন এবং AL-Yamama Company For Trading and Contracting কোম্পানিতে Labour পদে ৪০ (চল্লিশ) জনসহ সর্বমোট (৯৮+৪০)= ১৩৮ (একশত আটত্রিশ) জন কর্মীর নিয়োগ অনুমতি প্রদান করা হলো:

কোম্পানির নাম	পদের নাম	কর্মীর সংখ্যা	বেতন (মাসিক) সৌদি রিয়াল	অন্যান্য সুবিধাদি
Nabatat For Contracting Company	Labour	৪৩ (তেতাল্লিশ) জন পুরুষ কর্মী	৮০০	আহার, বাসস্থান, চিকিৎসা ও যাতায়াত ফ্রি; চুক্তির মেয়াদ - ০৩ বছর; বিমান ভাড়া - উভয় পথ ফ্রি; কর্মঘণ্টা - প্রতিদিন ০৮ ঘণ্টা (সপ্তাহে ৬ দিন); চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
	Agricultural Labour	৫৫ (পঞ্চাশ) জন পুরুষ কর্মী		
AL-Yamama Company For Trading and Contracting Company	Labour	৪০ (চল্লিশ) জন পুরুষ কর্মী	৮০০	

শর্তাবলী:

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সৌদি আরবের বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় ১,২৮,০০০/- (এক লক্ষ আঠাশ হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানিতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী সৌদি আরব এর শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- ভিসা ডেলিগেশন সংক্রান্ত হালনাগাদ তথ্য (Enjaz IT) যাচাই করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযুক্ত না হলে তা কর্মীর উপর প্রযোজ্য হবে না।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক (বিএমইটি) নিশ্চিত করবেন।

স্বাঃ

(ড. মাসুমা পারভীন)

উপসচিব

ফোন: ৫৫১৩৮০৮০

ই-মেইল: sasemployment4@probashi.gov.bd

মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো


৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০।

তারিখ: ০৮.০৫.২০১৮

নং-৪৯.০০.০০০০.১১১.১১.০২৭.১৫- ২০৭

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ০১। যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৬। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৭। স্বত্বাধিকারী, মেসার্স সিদ্দিকা কনসালটেন্ট (আরএল-১১৪৭), বাড়ী # ০৪, ব্লক-বি, বনানী, ঢাকা-১২১৩।
- ০৮। অফিস কপি।

  
(ড. মাসুমা পারভীন)  
উপসচিব